# ই-অকশান সিস্টেম

স্বপ্নের ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে

নিলাম দরপত্র বিজ্ঞপ্তির বিবরণ

নিলাম পরিচিতি নং-২৩৬

| | | |
|---|---|---|
| ১ | মন্ত্রণালয়/বিভাগ | বিদ্যুৎ বিভাগ, বিজ্ঞাখস মন্ত্রণালয়, বাংলাদেশ |
| ২ | কোম্পানি | পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি |
| ৩ | নিলামকারী দপ্তরের নাম | Grid Maintenance Division, Kaliakair, Power Grid Bangladesh PLC. |
| ৪ | নিলামকারী দপ্তরের জেলা | Gazipur |
| ৫ | নিলামের নাম | পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি-এর জিএমডি, কালিয়াকৈর দপ্তরের অধীন কবিরপুর ১৩২/৩৩ কেভি গ্রিড উপকেন্দ্র, টাঙ্গাইল ১৩২/৩৩কেভি গ্রিড উপকেন্দ্র, কালিয়াকৈর ৪০০ কেভি গ্রিড উপকেন্দ্র ও জিএমডি কলিয়াকৈর ভান্ডারে রক্ষিত স্ক্র্যাপসমূহ (যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়করণ । |
| ৬ | বিজ্ঞপ্তি সূত্র নং: | ২৭.২১.০০০০.৪৮.০৭.০০১.২৪.৫২২ |
| ৭ | বিজ্ঞপ্তির তারিখঃ | ২৮/০৮/২০২৪খ্রি: |
| ৮ | শিডিউল গ্রহন শুরুর সময়ঃ | ০২-০৯-২০২৪ ০৪:০০ দুপুর |
| ৯ | শিডিউল জমাদানের শেষ সময়ঃ | ৩০-০৯-২০২৪ ০৩:০০ দুপুর |
| ১০ | ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূলকপি জমাদানের শেষ সময়ঃ | ৩০-০৯-২০২৪ ০৯:০০ সকাল |
| ১১ | শিডিউল খোলার সময়ঃ | ৩০-০৯-২০২৪ ০৩:৩০ দুপুর |
| দরদাতার জন্য প্রয়োজনীয় তথ্য ও শর্ত সমূহ | | |
| ১২ | দরদাতার যোগ্যতা | ক. নিলাম ক্রয়কারী প্রতিষ্ঠানের নগদ অর্থ/ ঋণ সুবিধার ন্যূনতম পরিমাণ হতে হবে ৮,০০০,০০০ /- টাকা মাত্র।<br>খ. নিলাম ক্রয়কারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর পরিশোধ, ভ্যাট নিবন্ধন সনদপত্র থাকতে হবে। |
| ১৩ | দরপত্র/শিডিউলের মূল্য | ২,০০০ /- টাকা মাত্র (অফেরতযোগ্য) শিডিউলের মূল্য বাবদ বাংলাদেশের যেকোন তফসিল ব্যাংক হতে 'পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি' (Power Grid Bangladesh PLC) এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করে এর স্ক্যানড কপি(পিডিএফ) অনলাইনে দাখিল করতে হবে। মূল ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সমূহ ১৯ নং অনুচ্ছেদে উল্লিখিত দপ্তর সমূহে ৩০-০৯-২০২৪ ০৯:০০ সকাল এর পূর্বে পৌছাতে হবে। |

| | | |
|---|---|---|
| ১৪ | দরপত্র/নিলামের জামানত | উদ্ধৃত মূল্যের নুন্যতম ২০ %(ফেরতযোগ্য) জামানত বাবদ বাংলাদেশের যেকোন তফসিল ব্যাংক হতে 'পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি' (Power Grid Bangladesh PLC) এর অনুকুলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করে এর স্ক্যানড কপি(পিডিএফ) অনলাইনে দাখিল করতে হবে। মূল ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সমূহ ১৯ নং অনুচ্ছেদে উল্লিখিত দপ্তর সমূহে ৩০-০৯-২০২৪ ০৯:০০ সকাল এর পূর্বে পৌছাতে হবে। |
| ১৫ | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার নাম | Mohammad Hasanul Islam |
| ১৬ | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার পদবী | Execitive Engineer |
| ১৭ | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার দাপ্তরিক ঠিকানা | Grid Maintenance Division, Kaliakair, Power Grid Bangladesh PLC. Suttrapur, Kaliakair, Gazipur. |
| ১৮ | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার ফোন নম্বর | ০১৭৭৭৭৬০৩৭৪ |
| ১৯ | মূল ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমাদানের দপ্তরসমূহঃ | ক. নির্বাহী প্রকৌশলীর দপ্তর, গ্রিড সংরক্ষণ বিভাগ, কালিয়াকৈর, পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি, সূত্রাপুর, কালিয়াকৈর, গাজীপুর<br>খ. নির্বাহী প্রকৌশলীর দপ্তর, গ্রিড সংরক্ষণ বিভাগ, ঢাকা(সেন্ট্রাল), পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি, গুলশান, ঢাকা<br>গ. নির্বাহী প্রকৌশলীর দপ্তর, গ্রিড সংরক্ষণ বিভাগ, ঢাকা-উত্তর, পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি, জয়দেবপুর, গাজীপুর। |
| ২০ | নিলামে অংশগ্রহণকারীর ধরণঃ | প্রতিষ্ঠান |

শর্তাবলী

| | |
|---|---|
| ১ | পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি-এর জিএমডি, কালিয়াকৈর দপ্তরের অধীন কবিরপুর ১৩২/৩৩ কেভি গ্রিড উপকেন্দ্র, টাঙ্গাইল ১৩২/৩৩কেভি গ্রিড উপকেন্দ্র, কালিয়াকৈর ৪০০ কেভি গ্রিড উপকেন্দ্র ও জিএমডি কলিয়াকৈর ভান্ডারে রক্ষিত স্ক্র্যাপসমূহ (যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়ের পর নিজ দায়িত্বে সাইট হতে গ্রহন করতে হবে। |
| ২ | দরদাতাগণ পাওয়ার গ্রিড-এর বিধি, PPA-2006, PPR 2008 এবং PPR-2016 এর শর্তাবলী মানতে বাধ্য থাকবেন। |
| ৩ | পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি-এর জিএমডি, কালিয়াকৈর দপ্তরের অধীন কবিরপুর ১৩২/৩৩ কেভি গ্রিড উপকেন্দ্র, টাঙ্গাইল ১৩২/৩৩কেভি গ্রিড উপকেন্দ্র, কালিয়াকৈর ৪০০ কেভি গ্রিড উপকেন্দ্র ও জিএমডি কলিয়াকৈর ভান্ডারে রক্ষিত স্ক্র্যাপসমূহ (যেখানে যে অবস্থায় আছে) লট ও সংখ্যা ভিত্তিক ই-অকশান পদ্ধতিতে দর প্রস্তাব আহবান করা হয়েছে অর্থাৎ একটি আইটেমের সম্পূর্ণ মালামাল শিডিউল আইটেমে উল্লিখিত লট /সংখ্যা হিসেবে বিবেচনা করা হবে। নিলাম গ্রহীতা অনুমতি স্বাপেক্ষে দর প্রস্তাব দাখিলের পূর্বে দরপত্রে উল্লেখিত মালামাল পরিদর্শন করতে পারে তবে সিডিউলে উল্লিখিত পরিমানই চূড়ান্ত পরিমান হিসাবে বিবেচিত হবে। |
| ৪ | স্ক্র্যাপ মালামালসমূহ উদ্ধারের পূর্বে পাওয়ার গ্রিড কর্তৃক শিডিউল আইটেমে যেসব আইটেমের একক লট উল্লেখ আছে সেগুলো লট ভিত্তিক হস্তান্তর করা হবে। উক্ত স্ক্র্যাপ মালামালসমূহ উদ্ধার করার পর পরিমাণ কম বেশী হলেও নিলাম গ্রহীতাকে লট ভিত্তিক গ্রহন করতে হব অর্থাৎ যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় গ্রহন করতে হবে। |
| ৫ | লাভজনক নয় এমন কোন মালামাল অপসারন না করে সাইটে কোনো অবস্থাতেই ফেলে রেখে যাওয়া যাবে না। অন্যথায় প্রযোজ্য ক্ষতিপূরণ প্রদান করতে হবে। উল্লেখ্য নিলামকৃত মালামাল গ্রহনকালীন সময়ে কোন প্রকার খরচ ও দুর্ঘটনার জন্য পাওয়ার গ্রিড কর্তৃপক্ষ দায়ী থাকবে না। |
| ৬ | দরপত্র সিডিউলের আইটেমের দর উল্লেখ করতে হবে। আইটেমের একক দরসহ মোট মূল্য উল্লেখ করতে হবে। একক মূল্য এবং মোট মূল্যের মধ্যে গড়মিল দেখা গেলে একক মূল্যকেই ভিত্তি হিসাবে ধরা হবে। |

| | |
|---|---|
| ৭ | কার্যাদেশের প্রাপ্তির ০৭(সাত) কার্য দিবসের মধ্যে বর্ণিত শর্তাবলী অনুসারে কাজটি সম্পাদনে সম্মতি প্রদান পূর্বক সিল-স্বাক্ষর সহ কার্যাদেশের একটি কপি সংশ্লিষ্ট দপ্তরে দাখিল করতে হবে এবং নিলামকৃত মালামালের কার্যাদেশ মূল্য বাবদ সর্বমোট টাকা (উদ্ধৃত মূল্য+ভ্যাট+ট্যাক্স-বায়না) পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে পরিশোধ করতে হবে। অন্যথায় জামানতের টাকা বাজেয়াপ্ত হবে। |
| ৮ | উপেরাক্ত শর্তাবলী ছাড়াও সংশ্লিষ্ট দপ্তর প্রযোজ্য ক্ষেত্রে নিলাম সংক্রান্ত অনান্য শর্তাবলী প্রদান করতে পারবেন। |
| ৯ | দরপত্রে অংশগ্রহনকারী ব্যক্তিকে জাতীয় পরিচয়পত্র এর স্ক্যানড কপি (পিডিএফ) অনলাইনে দাখিল করতে হবে। |
| ১০ | পাওয়ার গ্রিড-এর ই-অকশন সিস্টেমের মাধ্যমে নিলাম দরপত্র দাখিল করতে হবে। ডাক, কুরিয়ার সার্ভিস কিংবা ফ্যাক্সের মাধ্যমে প্রাপ্ত কোন নিলাম দরপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। |
| ১১ | এটি একটি অনলাইন ভিত্তিক নিলাম প্রক্রিয়া। নিলামে আগ্রহী দরদাতাগন https://auction.powergrid.gov.bd সাইটের মাধ্যমে নিলামে অংশগ্রহন করতে পারবেন। সকল আগ্রহী দরদাতাকে অবশ্যই পাওয়ার গ্রিড এর ই-অকশন সিস্টেমে নিবন্ধিত হতে হবে। শুধুমাত্র নিবন্ধিত দরদাতাগণ নিলামে অংশগ্রহণ করতে পারবেন। |
| ১২ | নিবন্ধন, লগ ইন, প্রোফাইল আপডেট, মোবাইল নম্বর ভেরিফিকেশন, নিলামে অংশগ্রহন প্রক্রিয়া সম্পর্কে জানতে ব্যবহার নির্দেশনা লিংক ভিজিট করুন। |
| ১৩ | দরপত্রে অংশগ্রহনকারী প্রতিষ্ঠানকে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র ও ভ্যাট নিবন্ধন সনদপত্র এর স্ক্যানড কপি (পিডিএফ) অনলাইনে দাখিল করতে হবে। |
| ১৪ | কোন নিলামের দরপত্র দাখিলের পূর্বে দরপত্র আহ্বানকারীর সাথে যোগাযোগ করে দরপত্রে উল্লেখিত মালামাল যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় সরেজমিনে পরিদর্শন করা যাবে। দরপত্র দাখিল করলে সরেজমিনে দরপত্রে উল্লেখিত মালামাল পরিদর্শন করা হয়েছে মর্মে প্রতীয়মান হবে। |
| ১৫ | পাওয়ার গ্রিড এর ই-অকশন সিস্টেমের মাধ্যমে নিলাম দরপত্র দাখিল করতে হবে। ডাক, কুরিয়ার সার্ভিস কিংবা ফ্যাক্সের মাধ্যমে প্রাপ্ত কোন নিলাম দরপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। |
| ১৬ | আংশিক মালামালের জন্য দরপত্র দাখিল করা যাবে না এবং তা গ্রহণযোগ্যও হবে না। |
| ১৭ | শর্তাধীন/শর্তযুক্ত (Conditional) নিলামের দর গ্রহণযোগ্য হবে না। |
| ১৮ | দর প্রদানের সময় ভ্যাট/ট্যাক্স ব্যাতিরেকে দর/মুল্য উদ্ধৃত করতে হবে। তবে বিজয়ী দরদাতা চূড়ান্ত পর্যায়ে তার উদ্ধৃত মুল্য পরিশোধের সময় উদ্ধৃত মুল্যের উপর বিধি মোতাবেক ধার্য্যকৃত ভ্যাট/ট্যাক্স প্রদান করতে বাধ্য থাকবেন। |
| ১৯ | ই-অকশন সিস্টেমে দরপত্র দাখিল করার সময় দরপত্রের মুল্য ও উদ্ধৃত মূল্যের জামানাত বাবদ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর স্ক্যানড কপি(পিডিএফ) অনলাইনে জমা দিতে হবে। |
| ২০ | নিলাম বিষয়ক যে কোন তথ্যের জন্য নিলামকারী দপ্তরে এবং কারিগরি সহায়তার জন্য Office hour (9am-4pm) এ 02226600936, 02226600937, 02226600938, 02226600939 (পিএবিএক্স-342,343)-এ যোগাযোগ করতে পারবেন । |
| ২১ | ই-অকশন সিস্টেমে নির্দিষ্ট তারিখ ও সময়ের পরে কোন নিলাম দরপত্র দাখিল করা যাবে না। |
| ২২ | ই-অকশন সিস্টেম ব্যবহার করে দর প্রদানকালে কোন ধরনের কারিগরি ত্রুটি (Internet Connection,স্ক্যানিং বা আপলোড এর সমস্যা ইত্যাদি)-র জন্য যথা সময়ে bid করতে না পারার জন্য, অথবা corrupted বা virus infected file বা file upload/download না করতে পারার দায় কর্তৃপক্ষ বহন করবে না, সকল দায় দরদাতাকে বহন করতে হবে। ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। |
| ২৩ | মূল ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সমূহ ১৯ নং অনুচ্ছেদে উল্লিখিত দপ্তরে/দপ্তর সমূহের যে কোন একটি দপ্তরে "৩০-০৯-২০২৪ ০৯:০০ সকাল " এর পূর্বে পৌছাতে হবে। |
| ২৪ | দরপত্র প্রস্তাবের বৈধতার মেয়াদ দরপত্র দাখিলের সময় হতে ১২০(একশত বিশ) দিন পর্যন্ত বলবত থাকবে। |

| | |
|---|---|
| ২৫ | নিলামকৃত মালামালের বিপরীতে কোন Warranty প্রযোজ্য হবে না। |
| ২৬ | কার্যাদেশ/বিক্রয়াদেশ প্রদানের পূর্বে অকৃতকার্য দরদাতাগণকে তাদের সিকিউরিটি মানি(জামানত) অবমুক্ত করা হবে না। |
| ২৭ | দরপত্র আহ্বানকারী কর্তৃপক্ষের চাহিদার বিপরীতে মূল নথি-কাগজপত্র প্রদর্শন করতে হবে। দরপত্র মূল্যায়নকালে আংশিক(Partial), জাল(Forged) বা নকল(Fake) নথি-কাগজপত্র পাওয়া গেলে অনলাইনে জমাকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে। |
| ২৮ | সর্বোচ্চ গ্রহণযোগ্য দরদাতা (Technically Responsive Highest Bidder) এর অনুকূলে "বিক্রয় আদেশ" প্রদান করা হবে। |
| ২৯ | যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। |
| ৩০ | বিক্রয় আদেশ প্রাপ্তির ৭ দিনের মধ্যে বিজয়ী দরদাতাকে সংশ্লিষ্ট নিলামের বিপরীতে পূর্বে জামানত বাবদ প্রদত্ত অর্থ ব্যতিরেকে উদ্ধৃত মুল্যের অবশিষ্ট টাকা এবং উদ্ধৃত মুল্যের উপর বিধি মোতাবেক ধার্য্যকৃত ভ্যাট/ট্যাক্স বাবদ অর্থ বাংলাদেশের যেকোন তফসিল ব্যাংক হতে 'পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি' (Power Grid Bangladesh PLC) এর অনুকুলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করে আহ্বানকারীর নিকট জমা দিতে হবে। উক্ত সময়সীমার মধ্যে উল্লেখিত প্রদেয় অর্থ জমা দিতে ব্যর্থ হলে বিক্রয় আদেশটি বাতিল বলে গন্য হবে এবং সংশ্লিষ্ট দরদাতার দরপত্র এবং নিলামের জামানত বাজেয়াপ্ত(Forfeit) করা হবে। |
| ৩১ | সমূদয় অর্থ জমাদানের পর পাওয়ার গ্রিড কর্তৃপক্ষ কর্তৃক ডেলিভারী অর্ডার ইস্যু করার ৩০ দিনের মধ্যে কার্যাদেশ প্রাপ্ত দরদাতাকে পাওয়ার গ্রিড কর্তৃক গঠিত ডেলিভারী কমিটির উপস্থিতিতে তাদের ছাড়পত্র অনুযায়ী দরপত্রে উল্লেখিত মালামাল নিজ দায়িত্বে ও নিজ খরচে গ্রহণ করতে হবে। পরবর্তীতে দরপত্রে উল্লেখিত মালামালের যে কোন প্রকার ক্ষতি বা চুরির ক্ষেত্রে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। |
| ৩২ | পাওয়ার গ্রিড কর্তৃক গঠিত ডেলিভারি কমিটির উপস্থিতিতে তাঁদের ছাড়পত্র অনুযায়ী মালামাল গ্রহণ করতে হবে। |
| ৩৩ | দরপত্র দাখিল ও খোলার তারিখ, সময় ও শর্তাবলী পরিবর্তনের সকল ক্ষমতা দরপত্র আহ্বানকারী সংরক্ষন করেন। |
| ৩৪ | শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে কোন জটিলতার সৃষ্টি হলে দরপত্র আহ্বানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। |

ই-অকশন সিস্টেমের মাধ্যমে এই নিলামে অংশগ্রহণ করতে ই-অকশন সিস্টেম -এ লগইন করুন